

NOTRE DAME HOLY CROSS HIGH SCHOOL

1st PERIODICAL TEST--2021

Subject—Bengali

Time:-1.30 Hrs.

Class—VIII

Full Marks:- 40

1) নিচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও:-

ভাই জ্যোতি দাদা গান অনেক তৈরি হয়েছে। এখনও থামছে না প্রায় রোজ একটা-না-একটা চলেছে। আমার মুশকিল এই যে সুর দিয়ে আমি সুর ভুলে যায়। দিনু কাছে থাকলে তাকে শিখিয়ে দিয়ে বেশ নিশ্চিত মনে ভুলতে পারি। নিজে যদি স্বরলিপি করতে পারতুম কথাই ছিল না। দিনু মাঝেমাঝে করে কিন্তু আমার বিশ্বাস এগুলো বিশুদ্ধ হয় না। সুরেন বাঁড়ুজ্যের সঙ্গে আমার দেখাই হয় না- কাজেই আমার খাতা এবং দিনুর পেটের সমস্ত জমা হচ্ছে। এবার বিবি সেটা কতক লিখে নিয়েছে। কলকাতায় এসব গান গাইতে গিয়ে দেখি কেমন ম্লান হয়ে যায়- তাই ভাবি এগুলো হয়তো বিশেষ কারো কাজে লাগবে না।

1x5=5

ক) লেখক কার উদ্দেশ্যে পত্র লিখেছেন?

খ) লেখক কী মুশকিলের কথা লিখেছেন?

গ) লেখক সুরগুলো কাকে শেখাতে চান?

ঘ) কলকাতায় এই গান গুলো কেমন হয়ে যায়?

ঙ) 'নিশ্চিত' শব্দটি দিয়ে একটি বাক্য রচনা করো

2) নিচের প্রশ্নগুলির উত্তর দাও:- (যেকোনো দুইটি) 5x2=10

ক) 'বৎসে! এফুণে তোমাকে কিছু উপদেশ দিবা।'----- কে কখন কাকে একথা বলেছিলেন? তিনি তাঁকে কি কি উপদেশ দিয়েছিলেন?

অথবা

খ) 'কিছুতেই আর পরিত্রাণ নাই।'--- কোন পরিত্রাণের কথা বলা হয়েছে? কার কাছ থেকে কার পরিত্রাণ পাওয়ার কথা এখানে উল্লেখিত হয়েছে? শেষ পর্যন্ত ঐ ব্যক্তিটি কিভাবে পরিত্রাণ পেলেন?

গ) 'প্রশ্ন' কবিতাটির প্রশ্ন কার কাছে? এই কবিতায় কবি যে প্রশ্ন করেছেন, তা আলোচনা কর।

অথবা

ঘ) মারীচ কে? তিনি কার কথায় কিভাবে স্বর্ণমৃগের রূপ ধারণ করলেন?

3) নিচের প্রশ্নগুলির উত্তর দাও:- (যেকোনো দুইটি) 3x2=6

ক) 'নক্ষত্র, তুমি আমাকে মারিতে চাও?'----- কে কখন এমন কথা জিজ্ঞাসা করলেন? নক্ষত্র প্রকৃতপক্ষে কি করেছিলেন? বক্তাকে মারতে পারলে নক্ষত্রের কি লাভ হতো?

খ) 'অনুমতি যদি হই করি নিবেদন।।'— কার কথা? কাকে কখন বললেন? তিনি কি নিবেদন করলেন?

গ) 'আমি যে দেখেছি গোপন হিংসা কপটরাত্রিছায়ে
হেনেছে নিঃসহায়ে।'

----- কে কি দেখেছেন? উক্তিটির বক্তব্য পরিস্ফুট কর।

4) নিচের প্রশ্নগুলির উত্তর দাও:- 1x5=5

ক) মহর্ষি কণ্ঠের দুই শিষ্যের নাম কি?

খ) রাম, লক্ষ্মণ ও সীতা কোথায় বসবাস করছিলেন?

গ) পৃথিবী বর্তমানে কাদের পদানত?

ঘ) পৃথিবীর অন্যতম পবিত্র সম্পর্কটি কি?

ঙ) শকুন্তলার সঙ্গে কার বিয়ে হয়েছিল?

5) শব্দার্থ লিখ:- (যেকোনো তিনটি) 1x3=3

বাষ্পবারি, কোলাহল, সুচিত্র, বরণীয়।

6) বাক্য রচনা করো:- (যেকোনো দুইটি) 1x2=2

শিথিল, বিপাক, অমাবস্যা।

7) বিপরীত শব্দ লেখ: (যেকোনো দুইটি) 1x2=2

নিরানন্দ, স্বাভাবিক, দুর্দিনে।

8) বচন কাকে বলে? বচন কয় প্রকার ও কী কী? 2

9) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদ কয় প্রকার ও কী কী? 2

10) সন্ধি বিচ্ছেদ করো:- (যে কোন তিনটি) 1x3=3

নীরোগ, তপোবন, পুরোহিত, অহরহ।